



স্মারক নং-উশিঅ/চুয়া-সদর/৫৯৬


তারিখ- ০৬/১২/২০২১ খ্রিঃ।

- বিষয় : মহান বিজয় দিবস-২০২১ উদযাপন, শহীদ বুদ্ধিজীবী দিবস-২০২১ পালন, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে কর্মসূচী বাস্তবায়নের তথ্য প্রেরণ প্রসঙ্গে।
- সূত্র : মহোদয়ের সদয় স্মারক নং-জেপ্রাশিঅ-চুয়া/১২১৫/২, তারিখ-০৬.১২.২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও কার্যার্থে জানাচ্ছি যে, মহান বিজয় দিবস-২০২১ উদযাপন, শহীদ বুদ্ধিজীবী দিবস-২০২১ পালন, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে চুয়াডাঙ্গা সদর উপজেলার বিদ্যালয় পর্যায়ে নিম্নরূপ কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

- (১) অত্র চুয়াডাঙ্গা সদর উপজেলার ১২১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৪ই ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস-২০২১ পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান করা হবে। অংশগ্রহণে বিদ্যালয়ের এস.এম.সি, অভিভাবক এবং শিক্ষার্থীবৃন্দ।
- (২) ১৬ই ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসে সূর্যদয়ের সাথে সাথে প্রতিটি বিদ্যালয়ে সঠিক মাপের এবং রঙের জাতীয় পতাকা উত্তোলন করা হবে।
- (৩) জেলা প্রশাসনের আয়োজনে কুচকাওয়াজে শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে। শিক্ষার্থীদের সাথে সংশ্লিষ্ট বিদ্যালয়ের ০২(দুই) জন করে শিক্ষক গাইড হিসাবে থাকবে।
- (৪) প্রতিটি বিদ্যালয়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক রচনা, কুইজ, চিত্রাংকন, সংগীত ও নৃত্যানুষ্ঠানের আয়োজন করা হবে। স্থানীয় বীর মুক্তিযোদ্ধাগণকে আমন্ত্রণ জানানো এবং তাঁদের মুখ থেকে মুক্তিযুদ্ধের স্মৃতিকথা শিক্ষার্থীদের শোনানোর ব্যবস্থা করা হয়েছে।

এছাড়াও স্থানীয় প্রশাসনের সাথে সংগতি রেখে উপজেলার প্রতিটি বিদ্যালয়ে নির্দেশনা মোতাবেক অনুষ্ঠান সমূহ বাস্তবায়ন করা হবে।


(উত্তম কুমার কুদ্দু)
উপজেলা শিক্ষা কর্মকর্তা
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
চুয়াডাঙ্গা।